# সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায়: সাওম সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ মাসআলা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: সাওম কয় প্রকার?

জওয়াব: সাওমের প্রকারভেদ। সাওম প্রথমত দু'প্রকার:

১- বাধ্যতামূলক সাওম। আর তা দু'প্রকার:

ক. আল্লাহ তা'আলা কর্তৃক বান্দার ওপর মৌলিকভাবে ফরয করে দেওয়া সাওম আর তা হলো রমযানের সাওম। এ সাওম ইসলামের পাঁচ স্তম্ভের একটি।

খ. এমন সাওম যা বান্দা নিজের ওপর ওয়াজিব করে নিয়েছে, যেমন মানত ও কাফফারার সাওম।

২- মুস্তাহাব সাওম। আর তা হলো প্রত্যেক ওই সাওম যা শরী'আত প্রবর্তকের কাছে পছন্দনীয়। যেমন সোমবার ও বৃহস্পতিবারের সাওম, প্রতিমাসে তিন ১৩, ১৪ ও ১৫ তারিখের সাওম, আশুরার সাওম, যিলহজ মাসের প্রথম দশকের সাওম ও 'আরাফা দিবসের সাওম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11005

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন